

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৫.৯২

তারিখ: ৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন স্থাপনায় মজুতকৃত বোরো'২৫ চাল নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর হতে প্রেরিত সাপ্তাহিক মজুত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, খাদ্য অধিদপ্তরাধীন কিছু কিছু এলএসডিতে বিলি-বিতরণের জন্য প্রয়োজনীয় পরিমাণ বোরো'২৫ সিদ্ধ চালের মজুত নেই। পক্ষান্তরে, খাদ্য অধিদপ্তরাধীন সিএসডি/এলএসডি/স্টিল রাইস সাইলো/ওয়্যারহাউজে পর্যাপ্ত পরিমাণ বিলি-বিতরণযোগ্য বোরো'২৫ সিদ্ধ চালের মজুত রয়েছে। মজুতকৃত বোরো'২৫ সিদ্ধ চাল ওয়ারেন্টি অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে বিলি-বিতরণ করা আবশ্যিক। কোন অবস্থাতেই ওয়ারেন্টি ভংগ করে আমন'২৫/আমদানী চাল বিলি-বিতরণ করা যাবে না।

এমতাবস্থায়, যে সকল এলএসডিতে বিলি-বিতরণের জন্য ন্যূনতম ০৩ (তিন) মাস অর্থাৎ ফেব্রুয়ারী, মার্চ ও এপ্রিল'২৬ মাসের বিলি-বিতরণযোগ্য প্রয়োজনীয় পরিমাণ বোরো'২৫ সিদ্ধ চাল মজুত নেই সে সকল সিএসডি/এলএসডি/স্টিল রাইস সাইলো/ওয়্যারহাউজ হতে ধারাবাহিকভাবে অভ্যন্তরীণ/বিভাগীয় সূচি পূর্বমোদন সাপেক্ষে জারি করে অতিসত্ত্বর বোরো'২৫ সিদ্ধ চাল মজুত করতে হবে। সেই সাথে যে সকল বিভাগে পর্যাপ্ত পরিমাণ বোরো'২৫ সিদ্ধ চালের মজুত নেই সে সকল বিভাগকে প্রয়োজনীয় পরিমাণ বোরো'২৫ সিদ্ধ চালের চাহিদা খাদ্য অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২১-০১-২০২৬
মোঃ রিয়াজুর রহমান রাজু
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৩২.০০০১.২৫.৯২/১ (৩)

তারিখ: ৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট হালনাগাদের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়কে সদয় অবগতির জন্য অনুরোধ করা হলো)।



A handwritten signature in black ink, consisting of several overlapping loops and a horizontal line extending to the right.

২১-০১-২০২৬
মোঃ রিয়াজুর রহমান রাজু
উপপরিচালক